

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ অগ্রহায়ণ, ১৪২১/২৭ নভেম্বর, ২০১৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৩ অগ্রহায়ণ, ১৪২১ মোতাবেক ২৭ নভেম্বর, ২০১৪
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য
প্রকাশ করা যাইতেছে :—

২০১৪ সনের ১৭ নং আইন

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর অধিকতর সংশোধনকল্পে
প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯
(১৯৮৯ সনের ২০ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
(সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১৯৬৯৩)
মূল্য : টাকা ৮.০০

২। ১৯৮৯ সনের ২০ নং আইনের ধারা ১৬ক এর সংশোধন।— খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ১৬ক এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) একজন চেয়ারম্যান যিনি উপজাতীয় হইবেন ও নিম্নবর্ণিত চৌদ্দ জন সদস্য সমষ্টিয়ে সরকার অন্তর্বর্তীকালীন পরিষদ গঠন করিবে, যথা :—

- (ক) চাকমা উপজাতি হইতে মনোনীত তিন জন সদস্য;
- (খ) মারমা উপজাতি হইতে মনোনীত তিন জন সদস্য;
- (গ) ত্রিপুরা উপজাতি হইতে মনোনীত তিন জন সদস্য;
- (ঘ) অ-উপজাতীয় হইতে মনোনীত তিন জন সদস্য ;
- (ঙ) উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য; এবং
- (চ) অ-উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সচিব।